গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ অফিস
আশকোনা বিমানবন্দর, ঢাকা।

নং-১৬.০৩.০০০০.০০৪.০৩.০১০.১৯-৬১

তারিখ-১০.০৩.২০২১খ্রি:

# গাছ বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল কাঠ ব্যবসায়ী/প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গকে জানানো যাচ্ছে যে, হজ অফিস, ঢাকার হজক্যাম্পের অভ্যন্তরে রাস্তা সংস্কার, সম্প্রসারণ ও নির্মাণের লক্ষ্যে রাস্তার উপরিস্থ কর্তনকৃত গাছ (মেহগিনি-৯৬.৬৫ ঘনফুট, কাঁঠাল-২০.৮৩ ঘনফুট, আম-২৩.৬৯ ঘনফুট, অর্জুন-১৭.১৮ ঘনফুট, কদম-২৬.৮০ ঘনফুট, জাম-৭৫.১১ ঘনফুট ও কামরাঙ্গা-১.২৫ ঘনফুট ও মোট জ্বালানী কাঠের পরিমান-১৭৫.৬৭ ঘনফুট) জরুরী ভিত্তিতে স্থিত অবস্থায় (যেখানে যে অবস্থায় আছে) স্পট নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে। উক্ত নিলাম আগামী ০১.০৪.২০২১খ্রি: তারিখ রোজ: রবিবার বেলা ১১.০০ ঘটিকায় হজ অফিস, ঢাকার পরিচালক এর কক্ষে অনুষ্ঠিত হবে। নিম্নে গাছের বর্ণনা দেয়া হলো:

| ক্রমিক নং | গাছের অবস্থান | কাঠের পরিমান আনুমানিক (ঘনফুট) |
|---|---|---|
| ০১। | হজ অফিস, ঢাকার হজক্যাম্পে অবস্থিত মেহগিনি-৯৬.৬৫ ঘনফুট, কাঁঠাল-২০.৮৩ ঘনফুট, আম-২৩.৬৯ ঘনফুট, অর্জুন-১৭.১৮ ঘনফুট, কদম-২৬.৮০ ঘনফুট, জাম-৭৫.১১ ঘনফুট ও কামরাঙ্গা-১.২৫ ঘনফুট ও জ্বালানী কাঠের পরিমান-১৭৫.৬৭ ঘনফুট | মোট কাঠের পরিমান-২৬১.৫১ ঘনফুট<br>মোট জ্বালানী কাঠের পরিমান-১৭৫.৬৭ ঘনফুট |

**স্পট নিলাম ডাকের শর্তাবলী:**

(১) প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ডাককারীগণ নিলাম ডাকের পূর্বে অফিস চলাকালীন সময়ে হজ অফিস, ঢাকার সাথে যোগাযোগ করে উক্ত গাছগুলো দেখে যেটা যে অবস্থায় আছে সে অবস্থায়ই ক্রয় করার আগ্রহ হলে নিলামে অংশ গ্রহণ করতে পারবেন।

(২) স্পট নিলাম ডাকের পূর্বে সকাল ১১.০০ ঘটিকার মধ্যে নিলাম ডাকে অংশগ্রহণকারী ইচ্ছুক কাঠ ব্যবসায়ী/ প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গকে কমিটির আহবায়ক বরাবরে নিলাম ডাকে অংশগ্রহণকারীগণকে জাতীয় পরিচয় পত্র ও ট্রেড লাইসেন্স (যদি থাকে) তার ফটোকপিসহ জামানত হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা অগ্রিম নগদ প্রদান করতে হবে। যা ১ম ও ২য় সর্বোচ্চ ডাককারীর জামানত রাখার পর অকৃতকার্য ডাককারীর জামানত তাৎক্ষনিকভাবে ফেরত দেয়া হবে।

(৩) সর্বোচ্চ নিলাম ডাককারীকে নিলাম ডাকের সমুদয় মূল্য তৎসহ আয়কর ও ভ্যাট কার্যাদেশ জারির ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে পরিচালক, হজ অফিস, ঢাকায় নগদে পরিশোধ করে উহার মানি রিসিটের কপি জমা করতে হবে। নিলামকৃত মালামাল হজ অফিস, ঢাকার প্রতিনিধির উপস্থিতিতে কার্যাদেশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সর্বোচ্চ ডাককারী নিজ খরচে ও নিজ দায়িত্বে উল্লেখিত গাছসমূহ/জ্বালানী সরিয়ে নিয়ে জায়গা খলি করে দিতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিলসহ জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।

(৪) যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ স্পট নিলাম ডাক কর্তৃপক্ষ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১০.০৩.২০২১
(মো: সাইফুল ইসলাম)
পরিচালক
(যুগ্মসচিব)
হজ্জ অফিস, ঢাকা।

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। অতিরিক্ত সচিব (হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপসচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।
৪। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, মহাখালী, ঢাকা (তাঁর অফিসের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।
৫। নির্বাহী প্রকৌশলী (সিভিল), গণপূর্ত বিভাগ, শেরেবাংলানগর, ঢাকা।
৬। জনাব জসীম উদ্দিন, ফরেষ্টার, উপজেলা বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ, বন ভবন, মহাখালী, ঢাকা।
৭। পরিচালক (প্রশাসন), ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা (ইসলামিক ফাউন্ডেশনের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।
৮। সহকারী হজ অফিসার, হজ অফিস, ঢাকা।
৯। নোটিশ বোর্ড, হজ্জ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।